



বাউবির এইচএসসি পরীক্ষা আজ শুরু

প্রকাশ : ২৬ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এইচএসসি পরীক্ষা আজ শুক্রবার থেকে শুরু হচ্ছে। সারাদেশে ৩৩৩টি পরীক্ষা কেন্দ্রে এ পরীক্ষায় সর্বমোট ১ লাখ ৪৫ হাজার ৮৯৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবেন।

যার মধ্যে ৮১ হাজার ৪২৬ জন পুরুষ এবং ৬৪ হাজার ৪৬৯ জন নারী। গতকাল বৃহস্পতিবার বাউবির তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক মো. আবুল কাসেম শিখদার জানান, এ পরীক্ষা শুক্রবার ও শনিবার দিনগুলোতে সকাল ও বিকালে অনুষ্ঠিত হবে। ৫ জুলাই এ পরীক্ষা শেষ হবে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

|